# পাঁচবিবি উপজেলা পরিষদের নভেম্বর, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মনিরুল শহিদ মন্ডল
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট

স্থান ; উপজেলা পরিষদ মিলনায়তন, পাঁচবিবি, জয়পুরহাট
তারিখ : ২৫/১১/২০২১ খ্রি.
সময় : সকাল ১২:০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা – পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান । অতঃপর পূর্ববতী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন প্রকার আপত্তি বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmation) করা হয় এবং আলোচ্য সূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বিভাগীয় আলোচনা :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার পাঁচবিবি সভায় বলেন যে, টিকা গ্রহণের জন্য এখন পর্যন্ত যারা নিবন্ধন করেছেন তাদেরকে টিকা প্রদান করাসহ করোনা টেষ্ট অব্যাহত আছে। হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা অব্যাহত আছে। টিডি সপ্তাহ যথাযথভাবে পালন করতে হবে। ভ্যাকসিন গ্রহণের নিমিত্ত রেজিস্ট্রেশন করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে অবগত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবাব পরিকল্পনা অফিসার, পাঁচবিবিকে অনুরোধ জানান। চেয়ারম্যান,মোহাম্মদপুর জানান হাসপাতালের টয়লেটে বাতি নাই এবং রোগীর সাথে থাকা লোকজনকে কম্বল দেয়া হয়না । | পাঁচবিবি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা প্রদান, করোনা টেষ্ট ও করোনার টিকা প্রদান অব্যাহত রাখতে হবে। করোনা টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভা আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণপূর্বক সুষ্ঠভাবে টিকা কার্যক্রম সম্পাদন করতে হবে। ভর্তিচ্ছু রোগীকে অহেতুক সদর হাসপাতাল বা অন্যত্র প্রেরণ থেকে বিরত থাকতে হবে।রোগীদের সেবা প্রদানে মানবিক | ১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি |
| (২) | প্রকৌশল বিভাগ :<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের প্রাপ্ত এডিপির ১ম ও ২য় কিস্তির বরাদ্দকৃত মোট টাকা = ২২,৬৭,০০০ x ২ =৪৫,৩৪,০০০/- টাকার মধ্য হতে PIC কর্তৃক গৃহীত প্রকল্প ব্যতীত অবশিষ্ট টাকা ও তৃতীয় কিস্তিতে সাম্ভাব্য ২২,০০,০০০/- টাকা প্রাপ্ত ধরে প্রকল্পের তালিকা দেখান হলো। উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেটিক সাবান,পালস অক্সিমিটার,অক্সিজেন সিলিন্ডার,থার্মাল স্ক্যানার ইত্যাদি) গ্রহণের জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা স্কিম গ্রহণ করা যেতে পারে যা পরিশিষ্ট "ক" তে প্রকল্প অনুমোদনের জন্য সুপারিশ করে সভায় উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | ২০২১-২০২২ অর্থবছরে এডিপির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত ও উপস্থাপিত প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যানগণ |
| (৩) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট সভায় বলেন যে, কৃষি প্রনোদনা বিতরণ কার্যক্রম চলছে।কেউ যদি বাদ পড়ে তাকে পরবর্তীতে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। সার, বীজ মনিটরিং জোরদার করা হয়েছে এবং সারের মূল্য নিয়ন্ত্রণে রাখার বিষয়ে তদারকি কার্যক্রম অব্যাহত আছে। সার, বীজ মনিটরিং কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সার, বীজ ও কীটনাশক মজুদ সন্তোষজনক রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অধিক ফসল উৎপাদনে চাষী পর্যায়ে সকল পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। কৃষকের নিকট হতে সারের বেশী মূল্য নেয়া যাবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি |
| (৪) | প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, অক্টোবর, ২০২১ মাসে ১,৪২,৪০০ মাত্রা হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে এবং ৩৩৬০ মাত্রা গবাদি পশুর টিকা প্রদানসহ ১৬৭২টি বকনা গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। ৯টি উঠান বৈঠক, ১২টি খামার পরিদর্শন করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে | গবাদীপশু ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান অব্যাহত রাখতে হবে | ১.উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাঁচবিবি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতার তালিকা প্রস্তুত ও মৃত ভাতাভোগীর স্থলে প্রতিস্থাপন করার কার্যক্রম চলছে। প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প বিষয়ে অবহিতকরণসহ ভাতা বিতরণসহ সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান | নির্ধারিত সময়েই ভাতাভোগীর তালিকা প্রস্তুতসহ বিধি মোতাবেতক ভাতা বিতরণের ব্যবস্থা নিতে হবে | উপজেলা সমাজসেবাকর্মকর্তা পাঁচবিবি |
| (৬) | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর: উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাঁচবিবি, সভায় বলেন যে, চলতি মাস পর্যন্ত ঋণ আদায়ের হার ৯৪.০৮%। ৬টি ব্যাচে মোঠ ১৮০ জনকে যুব পুরুষ ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সারা দেশের ন্যয় পাঁচবিবি উপজেলায় ১লা নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবস সুষ্ঠুভাবে উদযাপন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উক্ত দিবস উপলক্ষে ঋণ বিতরণ ও চতুর্থ ব্যাচ প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। তিনি আরো বলেন তার দপ্তর হতে ঋণ আদায়, বিতরণসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | যথাযথভাবে জাতীয় যুব দিবস উদযাপন উদযাপন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপনের সিদ্ধান্ত হয় এবং ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাঁচবিবি |
| (৭) | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি সভায় বলেন যে, মৎস্য সেবা সহজীকরণের জন্য পাঁচবিবি উপজেলার সকল পোনা উৎপাদনকারী, মৎস্য খাদ্য দোকান ও মৎস্য হ্যাচারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর সম্বলিত সাইনবোর্ড উপজেলা পরিষদের এডিপি ফান্ড হতে তৈরী পূর্বক প্রত্যেক ইউনিয়ন পরিষদে স্থাপন করা প্রয়োজন। মাছ চাষ ও মাছের রোগ বিষয়ে মাছ চাষীদেরকে পরামর্শ প্রদান অব্যাহত আছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান | মৎস্য চাষীকে মাছ চাষ ও মাছের রোগ বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি |
| (৮) | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন : উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসার, পাঁচবিবি সভায় জানান অক্টোবর ২০২১ মাসে ১২৯ জন উপকারভোগীকে ৩৫.৪১ লক্ষ টাকা, ০৪ জনকে ৮.৫০ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ ও ১০জন নারী উদ্যোক্তার মাঝে ৮.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের গড় হার ৯২% । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় ও বিতরণ ১০০% নিশ্চিত করতে হবে | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার,পাঁচবিবি |
| (৯) | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাঁচবিবি, সভায় বলেন আগামী ৯ ডিসেম্বর, ২০২১ তারিখে বেগম রোকেয়া দিবস উদ্‌যাপন করা হবে। সুষ্ঠুভাবে দিবসটি উদ্‌যাপনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, ফ্যাশন ডিজাইন ও বিউটি ফিকেশন কোর্স জানুয়ারী, ২০২২ মাস হতে আরম্ভ হবে। আগ্রহী মহিলাদেরকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আবেদন আহবান করার কার্যক্রম চলছে। নভেম্বর, ২০২১ মাসে ভিজিডি পুষ্টিকাল ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রম চলমান। এখন থেকে প্রতি মাসে মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির সম্ভাব্য সুবিধাভোগীর তথ্য ডাটা এন্ট্রির কাজ চলমান। ভাতাভোগীকে সংশ্লিষ্ট ইউপির স্বাস্থ্য সহকারীর তালিকাভূক্ত হতে হবে। গত মাস পর্যন্ত ভাতার অর্থ সুবিধাভোগীর নিজ নামীয় হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে | সকল ভাতা নির্ধারিত সময়েই বিতরণ কার্যক্রম সম্পন্ন করার বিষয়টি অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পাঁচবিবি |
| (১০) | পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি, সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম বিষয়ে জানা গেলনা। আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার উপস্থিত থাকবেন মর্মে সভায় আলোচনা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার উপস্থিত থাকবেন মর্মে সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| ১১) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাঁচবিবি সভায় জানান ২০২১-২০২২ অর্থবছরে নির্বাচনী এলাকাভিত্তিক টি, আর প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ৭১,৮৭,৫২২/- টাকা, উপজেলা পরিষদওয়ারী ৩৩,৭১,১৭৯ টাকা এবং কাবিখা প্রকল্পের আওতায় নির্বাচনী এলাকাভিত্তিক ৫৯.৯৪৪ মেঃ টন চাল, ৫৯.৯৪৪মেঃ টন গম এবং উপজেলা পরিষদওয়ারী ৭১.৩৩৩১মেঃ টন চাল, ৭১.৩৩৩১মেঃ টন গম বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দসমূহ দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য কার্যক্রম চলছে। গত অর্থ বছরের প্রকল্পের কাজ সমাপ্তির পরও তদারকি অব্যাহত আছে। প্রতি ইউনিয়নে প্রকল্পের কাজ তদারকি ও কাজ সমাপ্তির পর প্রতিবেদন দাখিলের জন্য ০৫ জনের কমিটি গঠন করা হয়েছে এবং উক্ত কমিটি কাজ সমাপ্তির পর স্থির চিত্রসহ কমপক্ষে ০৩ জনের স্বাক্ষরে প্রতিবেদন পেশ করবেন মর্মে সভায় প্রস্তাব করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকল সদস্য উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | টি, আর এবং কাবিখা প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত সকল প্রকল্প বাস্তবায়নের কাজ যথানিয়মে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রতি ইউনিয়নে প্রকল্পের কাজ তদারকি ও কাজ সমাপ্তির পর প্রতিবেদন দাখিলের জন্য ০৫ জনের গঠিত কমিটি এবং কাজ সমাপ্তির পর স্থির চিত্রসহ কমপক্ষে ০৩ জনের স্বাক্ষরে প্রতিবেদন পেশ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাঁচবিবি<br>০২. গঠিত তদারকি কমিটি |
| (১২) | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সমাপর্কে জানা গেল না। আগামী সভায় বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত থাকবেন মর্মে আলোচনা হয় | আগামী সভায় বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত থাকবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি |
| (১৩) | শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা অফিসার পাঁচবিবি সভায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২১ এর সপ্তাহব্যাপী কর্মসূচি বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি বাড়ানোর জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধির জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে | শিক্ষকগণ যাতে যথাসময়ে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হয় তা নিশ্চিত করতে হবে এবং ছাত্র-ছাত্রীদের উপস্থিতি বাড়ানোর জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা নিতে হবে | উপজেলা শিক্ষা অফিসার, পাঁচবিবি |
| (১৪) | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, করোনার জন্য এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর যথাযথভাবে চলছে। তিনি বলেন এ বছরের এসএসসি/ দাখিল পরীক্ষা সমাপ্ত হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা যথাযথভাবে সম্পন্ন করা হবে। তিনি আরো বলেন যে, ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের টিকা প্রদান করা হবে মর্মে জানা গেছে। এছাড়া তাঁর দাপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান আছে | শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিচালনা করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন বৃদ্ধি করতে হবে। বাল্য বিয়ে রোধে অভিভাবকদের সচেতন করতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি |
| (১৫) | উপজেলা সমবায় দপ্তর :<br>উপজেলা সমবায় অফিসার, পাঁচবিবি সভায় বলেন তাঁর দপ্তরের বার্ষিক নিরীক্ষা কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ/ আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। তিনি আশ্রয়ণ প্রকল্পের বসবাসকারী পরিবারের স্বাস্থ্য সুরক্ষার জন্য ল্যাট্রিনগুলি মেরামত করার সুপারিশ করেন | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করাসহ ১০০% ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার,পাঁচবিবি |
| (১৬) | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পাঁচবিবি সভায় বলেন যে, অত্র শাখার দ্বিতল ভবন নির্মাণের কাজ প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সমাপ্ত হয়েছে। তবে দরজা ও ইলেক্ট্রিক এর কাজ এষ্টিমেটে না থাকায় তা সম্পন্ন করা সম্ভব হয়নি। অক্টোবর, ২০২১ মাসে তাঁর দপ্তর হতে ঋণ প্রদান, আদায় করা অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের হার ১০০% । এছাড়া সঞ্চয় আদায় যথাযথভাবে চলছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে | এবং ঋণ আদায় ও বিতরণ ১০০% ভাগ অব্যাহত রাখতে হবে ও যে উদ্দেশ্যে ঋণ প্রদান করা হয়েছে সে উদ্দেশ্যেই উক্ত অর্থ ব্যয় করে তারা নিজেরা স্বাবলম্বী হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| (১৭) | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :<br><br>উপ-সহকারী প্রকৌশলী, পাঁচবিবি সভায় বলেন যে, BMWSSP প্রকল্পের পাঁচবিবি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশনের জন্য ওভারহেড ট্যাংক, পাম্প হাউজ, উৎপাদক নলকূপ, পৌরসভার অফিস বিল্ডিং এর কাজ চলমান আছে। এছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরের কাজ চলমান আছে। PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের Wash Block এর কাজ চলছে। এছাড়াও পাঁচবিবি উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ১৯৮৩ সালে নির্মিত হওয়ায় এটি এখন বেশ ঝুকিপূর্ণ। তাই নুতন একটি ভবন নির্মাণের জন্য প্রস্তাবনা প্রেরণ করা হয়েছিল। সে প্রেক্ষিতে নতুন ভবন নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান | নির্ধারিত সময়ের মধ্যেই সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাঁচবিবি |
| (১৮)<br>(ক) | **বিবিধঃ**<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি এর অক্টোবর ও নভেম্বর/২০২১ মাসের ভ্রমন বিবরণী সহ ২০,৬২৫/- টাকা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি এর অক্টোবর ও নভেম্বর, ২০২১ মাসের ভ্রমন বিবরণী সহ ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর ও নভেম্বর/২০২১ মাসের ভ্রমন বিবরণীসহ ১০,০০০/-টাকার ভ্রমন ভাতা বিল দাখিল করে অনুমোদনের সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর ও নভেম্বর/ ২০২১ মাসের মোট= ৪০,৬২৫/- টাকা ভ্রমন ভাতা বিল রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |
| (খ) | ১) উপজেলা পরিষদের নভেম্বর,২০২১ মাসের অনুষঙ্গিক বিল বাবদ ৫,০০০/- টাকা, অক্টোবর ও নভেম্বর, ২০২১ মাসের ইন্টারনেট বিল বাবদ ২,০০০/- টাকা, উপজেলা পরিষদের কম্পিউটার ও ফটোকপি মেশিন মেরামত বাবদ ৯,১০০/- টাকা, পিআইও অফিসের টয়লেটের ট্যাংকি পরিষ্কার বাবদ ৬,৫০০/- টাকা, নভেম্বর, ২০২১ মাসের সভার আপ্যায়ন বাবদ ৩৮,০০০/- টাকা, ৮(ক) নং বাসার দরজা-জানালা ও বাথরুম সংস্কার বাবদ ২৪,৯৯০/- টাকা, ৮(খ) নং বাসার দরজা-জানালা ও বাথরুম সংস্কার বাবদ ২০,১০০/- টাকা, ৮(গ) নং বাসার দরজা-জানালা ও বাথরুম ও কিচেন সংস্কার বাবদ ২১,২০০/- টাকা, ৮(ঘ) নং বাসার দরজা-জানালা পুন: স্থাপন ও সংস্কার বাবদ ১৪,০০০/- টাকা, আনসার ব্যারাকের কলাপ্সিবল গেট বাবদ ২৪,৯৯৫/- টাকা, আনসার ব্যারাকের ৩টি বাথরুম টাইলস্ করণ বাবদ ২৪,৯৯০/- টাকা, আনসার ব্যারাকের বারান্দার গ্রিল স্থাপন বাবদ ১১,৫০০/- টাকা, আনসার ব্যারাকের পার্শ্বে মাটি ভরাট বাবদ ১৮,৫০০/- টাকাসহ মোট ২,২০,৮৭৫/- টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত অর্থের বিল পরিশোধের জন্য ও ব্যয় অনুমোদনের সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা | উপজেলা পরিষদের বিভিন্ন খাতে ব্যয়িত সর্বমোট= ২,২০,৮৭৫/- টাকা ব্যয়ের অনুমোদনসহ ব্যয়িত অর্থের ব্যয় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পাঁচবিবি<br>২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |
| (গ) | উপজেলা পরিষদ মালীর অক্টোবর, ২০২১ মাসের মজুরী বাবদ ১৬,৫০০/- টাকা, ২জন অফিস সহায়কের মজুরী বাবদ ৩৩,০০০/- টাকা এবং একজন পরিচ্ছন্ন কর্মীর মজুরী বাবদ ১৬,৫০০/- টাকা ব্যয়ের অনুমোদনের জন্য সভায় সুপারিশ করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | অক্টোবর/২১ মাসের উপজেলা পরিষদের বিভিন্ন কর্মচারীর সর্বমোট= ৬৬,০০০/- টাকা ব্যয়িত অর্থের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| (ঘ) | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প**<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এবং সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর হতে প্রস্তাবিত উপ-প্রকল্পসমুহ উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় উপস্থাপন করা হলে কমিটি যাচাই বাছাই পূর্বক নিম্নবর্ণিত ০২ (দুই) টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এবং ০৬ (ছয়) টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সুপারিশ করেন। তিনি উপ-প্রকল্পসমুহ বাস্তবায়নের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহনের জন্য সুপারিশসহ সভায় উপস্থাপন করেন। বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচনান্তে উল্লেখিত উপ-প্রকল্পসমুহের গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে উপ-প্রকল্পসমুহ বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি<br>২) উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি<br>৩) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পাঁচবিবি |

**(ক) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পঃ**

| ক্রঃ নং | উপ-প্রকল্পের নাম |
|---|---|
| ০১। | ক) পাঁচবিবি ডিগ্রী কলেজে পরিক্ষা কেন্দ্র নির্মাণ এবং খ) পিয়ারা ছাতিনালী উচ্চ বিদ্যালয়ে কিশোরী বান্ধব কমন রুম নির্মাণ |
| ০২। | পাঁচবিবি উপজেলার বিভিন্ন মাদ্রাসা ও উচ্চ বিদ্যালয়ের জন্য বেঞ্চ ক্রয়। |

**(খ) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পঃ**

| ক্রঃ নং | উপ-প্রকল্পের নাম |
|---|---|
| ০১। | দূর্ঘটনা প্রতিরোধে বিভিন্ন ধরনের যানবাহন চালকদের ট্রাফিক আইন ও অন্যান্য বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ |
| ০২। | অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান, ই-নামজারি এবং দাখিলার প্রয়োজনীয়তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ |
| ০৩। | মাছ চাষে সঠিক খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি এবং মাছের বিভিন্ন রোগ ও ঝকি হ্রাসে সক্ষমতা অর্জন বিষয়ক প্রশিক্ষণ |
| ০৪। | কোভিড-১৯ আক্রান্ত রোগীর পরিচর্যা, প্রসুতিদের প্রজনন স্বাস্থ্য, ব্যক্তিগত পরিচর্যা এবং কিশোরীদের বয়ঃসন্ধিকালীন জটিলতা বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ |
| ০৫। | বাল্যবিয়ে, বিবাহ বিচ্ছেদ, নারী নির্যাতন, ইভটিজিং ও যৌতুক নিরোধ বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ |
| ০৬। | বৈদ্যুতিক কারণজনিত দূর্ঘটনা রোধে এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইলেকট্রিক ও হাউজ ওয়্যারিং বিষয়ে প্রশিক্ষণ |

| | | | |
|---|---|---|---|
| (ঙ) | পঞ্চবার্ষিক পরিকল্পনা<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি সভায় আরো বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহ পাঁচবিবি উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনায় সংযোজন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে অনুমোদিত ০২ (দুই) টি অবকাঠামো এবং ০৬ (ছয়) টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প পাঁচবিবি উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনায় (পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান থাকায়) সংযোজন করার সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |

চেয়ারম্যান, কুসুম্বা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নের আমিরপুর হতে কুসুম্বার মেইন রাস্তা পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে আমিরপুর হাসনা হেনা যুব উন্নয়ন ক্লাব কর্তৃক রোপনকৃত কর্তনযোগ্য গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয় অন্তে কর্তন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়

আলোচনান্তে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক কুসুম্বা ইউনিয়নের আমিরপুর হতে কুসুম্বার মেইন রাস্তা পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে আমিরপুর হাসনা হেনা যুব উন্নয়ন ক্লাব কর্তৃক রোপনকৃত কর্তনযোগ্য গাছগুলো নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় ও কর্তন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো এবং মূল্য নির্ধারণের পর নিলাম কমিটি গঠনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি কর্তৃক অনুমোদন অন্তে নিলাম ডাকের মাধ্যমে গাছ বিক্রয় ও কর্তনের বিষয়ে সিদ্ধান্ত হয়। এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, কুসুম্বা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো

চেয়ারম্যান, বাগজানা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নের বাগজানা রেলগেট হতে বাগজানা মৌজার রবেন হাসদার বাড়ী পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে কুটাহারা যুব ভূমিহীন দূর্বার সমবায় সমিতি কর্তৃক রোপনকৃত কর্তনযোগ্য গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয় অন্তে কর্তন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়

আলোচনান্তে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক বাগজানা ইউনিয়নের বাগজানা রেলগেট হতে বাগজানা মৌজার রবেন হাসদার বাড়ী পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে কুটাহারা যুব ভূমিহীন দূর্বার সমবায় সমিতি কর্তৃক রোপনকৃত কর্তনযোগ্য গাছগুলো নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় ও কর্তন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো এবং গাছ কর্তনের পূর্বে বন বিভাগ কর্তৃক মূল্য নির্ধারণের পর নিলাম কমিটি গঠনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি কর্তৃক কমিটি অনুমোদন অন্তে নিলাম ডাকের মাধ্যমে গাছ বিক্রয় ও কর্তনের বিষয়েও সিদ্ধান্ত হয়। এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বাগজানা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি বিভাগীয় কমিটির সদস্য-সচিবগণকে সভাপতির সাথে আলোচনাক্রমে নিয়মিতভাবে প্রতি ২ মাস অন্তর সভা আহ্বানপূর্বক অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান । এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্যও অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি সভায় বলেন যে, এ উপজেলার সকল দপ্তর যথানিয়মে সকল কার্যক্রম সম্পাদন করছেন এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন এডিপির বরাদ্দ হতে কেন্দ্রীয়ভাবে প্রকল্প গ্রহণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধূলার সামগ্রী বিতরণ করা প্রয়োজন। টি.আর/কাবিখা/ কাবিটা প্রকল্পের কাজগুলোর তদারকি আরো বৃদ্ধি করতে হবে। প্রতি ইউনিয়নে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে গঠিত কমিটির তদারকিসহ সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী বিল প্রদানের ব্যবস্থা নেয়া যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষর/- ২৫/১১/২১

মোঃ মনিরুল শহিদ মন্ডল
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাঁচবিবি, জয়পুরহাট
www.panchbibi.joypurhat.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৪৩.৩৮৭৪.০০০.০৩.০০৩.২১-১০২৬

তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪২৮
২৫ নভেম্বর, ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-১ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। পরিচালক, স্থানীয় সরকার , রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। জেলা প্রশাসক, জয়পুরহাট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাঁচবিবি, জয়পুরহাট
০৭। মেয়র, পাঁচবিবি পৌরসভা, পাঁচবিবি, জয়পুরহাট
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, পাঁচবিবি
০৯। উপজেলা ..........................................অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট
১০। চেয়ারম্যান, ......................... (সকল) ইউনিয়ন পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট

উপজেলা পরিষদের পক্ষে

২৫.১১.২০২১
মো. বরমান হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট